মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ৩০৬/উ:মা:পরী:/৮২(অংশ-১)/ ১৫২৭ তারিখ: ১৬/০১/২০২৪খ্রি.

বিষয়: ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার একাডেমি ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে বিতরণ করা হবে।

বিতরণের সময় : সকাল ১০.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত
ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট বিতরণের স্থান : ৩ নং ভবনের ৩য় তলা (লিফট-৩)

ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট গ্রহণের তারিখ	জেলাসমূহ
২৪-০১-২০২৪	নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ জেলা
২৫-০১-২০২৪	ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, , টাংগাইল, গোপালগঞ্জ, ঢাকা মহানগর ও ঢাকা জেলা

প্রতিষ্ঠান প্রধান নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত কোন শিক্ষকের (শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট প্রদান করা হবে না) মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর প্রতিষ্ঠানের ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট গ্রহণের জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কাউকে ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট নেওয়ার জন্য ক্ষমতা প্রদান করা যাবে না। প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে আবেদন পত্রে গভর্নিং বডির সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে। ট্রান্সক্রীপ্ট ও টেবুলেশন সিট গ্রহণের পর তাতে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭(সাত) দিনের মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

১৬.০১.২৪

প্রফেসর মোঃ আবুল বাশার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

প্রাপক : প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।